

শিক্ষার্থীদের জন্য 'মাই স্টাডি' প্রকল্প চালু করছে গ্রামীণফোন

রাজধানীর একটি কুলে বুধবার টেলিনর ডিজিটালের সঙ্গে যৌথভাবে 'মাই স্টাডি' প্রকল্প পরীক্ষামূলকভাবে চালু করার ঘোষণা দিয়েছে গ্রামীণফোন। বাংলাদেশ ব্যাংক হাই স্কুলে অ্যাপটির উদ্বোধন করেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ইমরান আহমাদ, এমপি। টেলিনর ডিজিটাল মোবাইলের মাধ্যমে শেখার অ্যাপ 'মাই স্টাডি' তৈরি করেছে আর গ্রাহকদের জন্য অ্যাপটি নিয়ে এসেছে গ্রামীণফোন। নবম ও দশম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য অ্যাপটি বানানো হয়েছে। অ্যাপটিতে আপাতত জাতীয় পাঠ্যক্রমের গণিত ও ইংরেজী দ্বিতীয় পত্রের ওপর জোর দেয়া হয়েছে। প্রাথমিকভাবে করা কর্মসূচী উদ্বোধনের প্রাক্কালে

গ্রামীণফোনের প্রধান বিপণন কর্মকর্তা ইয়াসির আজমান বলেন, বাংলাদেশের জন্য প্রয়োজনীয় গ্রামীণফোনের আরেকটি উদ্যোগ 'মাই স্টাডি' প্রকল্পটি। বাংলাদেশের তরুণ প্রজন্মকে আরও স্বাস্থ্যসেদে প্রযুক্তি ব্যবহার করতে সহায়তা করবে এ অ্যাপটি। এ অ্যাপ্লিকেশন তৈরির মূল উদ্দেশ্য, এটা সাধারণ শিক্ষা ব্যবস্থার সম্পূরক হিসেবে শিক্ষার্থীদের পাঠ্যসূচী বুঝতে ও শিখতে সহায়তা করবে এবং বোর্ড পরীক্ষার জন্য তাদেরকে প্রস্তুত করবে। ওগল প্লে স্টোর থেকে অ্যাপ্লিকেশনটি ডাউনলোড করা যাবে। অ্যাপটি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীরা বিষয় সংশ্লিষ্ট তথ্য কনটেন্ট পাবে ও তারা তাদের নিজেদের মূল্যায়ন করতে পারবে। যেক্ষেত্রে তাদের উন্নতি করা দরকার সে ব্যাপারে তারা প্রয়োজনীয় পরামর্শ পাবে। অ্যাপটিতে বাবা মায়ের জন্যও একটি মডিউল থাকবে যার মাধ্যমে তারা তাদের সন্তানদের অগ্রগতি সম্পর্কে জানতে পারবেন। -বিজ্ঞপ্তি